গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৫১.০০.০০০০.২৪১.০৬.০৬৮.১৭ -৫৩১৩ তারিখঃ ১৪-০৩-২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ গত ২৭-০২-২০১৯ তারিখে অনুষ্ঠিত ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপিভুক্ত/এডিপি বহির্ভূত উন্নয়ন প্রকল্প/কর্মসূচিসমূহের জানুয়ারি, ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতির ফেব্রুয়ারি মাসের পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় গত ২৭-০২-২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপিভুক্ত/এডিপি বহির্ভূত উন্নয়ন প্রকল্প/কর্মসূচিসমূহের জানুয়ারি, ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪.০৩.১৯

(মোঃ মাজেদুর রহমান)
সিনিয়র সহকারী প্রধান
ফোন নং- ৯৫৫০৯৩৩

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব/সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সচিব /সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা (দৃঃ আঃ, পরিচালক-৪)।
৩। সচিব /সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ সচিব বাজেট-৩)।
৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ব্লক নং-১১/১২, ঢাকা।
৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। "National Programme coordinator" দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্ম-সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান, খাদ্য ও সার মনিটরিং উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ব্লক নং-২, কক্ষ নং-১৪, ঢাকা।
১১। যুগ্ম-প্রধান, পামষ্টেক উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ব্লক নং-১৮), ঢাকা।
১২। যুগ্ম-প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ব্লক নং-২, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, "গ্রামীণ রাস্তায় কম বেশী ১৫ মি: দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ (১ম পর্যায়)-শীর্ষক প্রকল্প", দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (১ম পর্যায়) প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, "Strengthening MoDMR Program Administration" শীর্ষক প্রকল্প, ভেঞ্চার টাওয়ার, ৪র্থ তলা, প্লট-৩, মহাখালী, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, "National Resilience Programme "শীর্ষক প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
১৭।প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক, "উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবন এলাকায় বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ ২য় পর্যায়" শীর্ষক প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২- ৯৩, মহাখালী, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক, "বন্যা প্রবণ ও নদী ভাংগন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ ৩য় পর্যায়" শীর্ষক প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২- ৯৩, মহাখালী, ঢাকা।
১৯। প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, "গ্রামীণ রাস্তায় ১৫ মি: দীর্ঘ পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ (২য় পর্যায়) -শীর্ষক প্রকল্প"।
২০। প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্প।
২১। প্রকল্প পরিচালক, "মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প", দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
২২। প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, "আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম অংশ "-শীর্ষক প্রকল্প, বাড়ী নং-১২১, ৪র্থ তলা, রোড নং-২১ ডিওএইচএস,মহাখালী ঢাকা।
২৩। প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক, "Disaster Risk Management Enhancement Projcet (DRMEP)"শীর্ষক প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
২৪। প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক, "জেলা ত্রাণ গুদাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র নির্মাণ"-শীর্ষক প্রকল্প।
২৫। প্রকল্প পরিচালক, Emergency Multi-sector Ruhingya Crisis Response Project শীর্ষক প্রকল্প দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬। পরিচালক ( প্রশাসন) ও প্রকল্প পরিচালক , সিপিপি, ৬৮৪-৮৬, বড় মগবাজার, ঢাকা।
২৭। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২৮। Chief of Party, Nobo Jatar Project, World Vision Bangladesh, Abedin Towe, 35, Kamal Ataturk
Avenue Banani, Dhaka-1213 ( গাড়ী নং- ঢাকা মেট্রো-ঠ ১১-৯৫৯৯) সহ।
২৯। Finance Manager, Nobo Jatar Project, World Vision Bangladesh, Abedin Towe, 35, Kamal Ataturk
Avenue Banani, Dhaka-1213 ।
৩০। উপ-সচিব (ত্রাক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। প্রকল্প পরিচালক, "ওয়াটার স্যালাইন ট্রিটমেন্ট প্রান্ট ক্রয়"-শীর্ষক প্রকল্প ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিপিএইচই, ভান্ডার সার্কেল, কাকরাইল, ঢাকা ।
৩২। সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬, আঃ গণি রোড, ঢাকা।
৩৫। সহকারী প্রকৌশলী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬। সিষ্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

<u>অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)</u>

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব এর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ-প্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীন ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপিভুক্ত/এডিপি বহির্ভূত উন্নয়ন প্রকল্পসমূহের চলমান কার্যক্রমের জানুয়ারি/২০১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| তারিখ ও সময় | : | ২৭ ফেব্রুয়ারি ২০১৯ বেলা: ০৩.০০ ঘটিকা। |
| সভাপতি | : | ডাঃ মোঃ এনামুর রহমান, এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত করা হলো।

সভায় সিনিয়র সচিব মহোদয় উপস্থিত মাননীয় প্রতিমন্ত্রীকে অভিনন্দন এবং উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের স্বাগত জানিয়ে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন এবং অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) কে আলোচ্য বিষয় উপস্থাপনের আহবান জানান। অতঃপর অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় ধারাবাহিকভাবে আলোচনা উপস্থাপন করেন।

২। **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ**

গত ৩১-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় অবহিত করা হয়। কার্যবিবরণীর বিষয়ে ভিন্ন কোন মতামত না থাকায় তা নিশ্চিত করা হয়।

৩। **মন্ত্রণালয়ের চলমান প্রকল্পসমূহের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি :**

সভায় জানানো হয় যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপিতে এ মন্ত্রণালয়ের ১৪টি অনুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে ১২টি বিনিয়োগ ও ২টি কারিগরী সহায়তা প্রকল্প। প্রকল্পগুলোর মধ্যে ৯টি প্রকল্পের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মোট ১৮৭৭.০৩ কোটি টাকা বরাদ্দ আছে (জিওবি ১৫০৩.১৪ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৩৭৩.৮৯ কোটি টাকা)। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত মোট অবমুক্ত হয়েছে ৭৫১.৫৭ কোটি টাকা ও মোট ব্যয় হয়েছে ৪৫৭.৪৬ কোটি (জিওবি ৪৪২.৮৮ কোটি ও প্রকল্প সাহায্য ১৪.৫৭ কোটি) টাকা। অর্জিত অগ্রগতি ২৪.৩৭%। উল্লেখ্য, জানুয়ারি, ২০১৯ পর্যন্ত জাতীয় গড় অগ্রগতি প্রায় ৩৪.৪৩%। এ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় অগ্রগতির চেয়ে ১০.০৬% কম। একই সময়ে গত অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ছিল ১৫.৭৬%। অর্থাৎ গত অর্থ বছরের তুলনায় মন্ত্রণালয়ের অগ্রগতি ৮.৬১% বেশি। সভাপতি মহোদয় প্রকল্প ভিত্তিক অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

৪. এডিপিভুক্ত/এডিপি বহির্ভূত উন্নয়ন প্রকল্পের অগ্রগতি আলোচনা ও সিদ্ধান্তঃ

| প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রকল্পের বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১) "Strengthening of the Ministry of Disaster Mangement and Relif (MoDMR) Program Administration"(জুলাই, ২০১৪ হতে জুন, ২০১৯), (কারিগরী সহায়তা প্রকল্প।) | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৪১.০০ কোটি টাকা। প্রকল্পটির উল্লেখযোগ্য কার্যক্রম হলো- এ মন্ত্রণালয়ের Social Safety Net Program সমূহের বাস্তবায়নে সহায়তা প্রদান করা। প্রকল্পটির অনুকূলে ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে ৮২.৬৬ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ১২.৯৯ কোটি টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ১৫.৭২%। | প্রকল্প পরিচালক জানান যে, MIS Hardware Installation সম্পন্ন হয়েছে। DDM MIS BBS এ স্থাপিত সার্ভারে Installation করা হয়েছে। Synergy কর্তৃক Prototype উপস্থাপনের পর প্রদত্ত কমেন্টস এর ভিত্তিতে Development কাজ চলমান রয়েছে। HR Performance Management System এর ফোকাল পয়েন্ট নিয়োগ সম্পন্ন হয়েছে। SRS/SRSD প্রণয়নের কাজ চলমান রয়েছে। মন্ত্রণালয়ের আদর্শ নেটওয়ার্ক স্থাপন ও DDM এর LAN স্থাপনের জন্য কারিগরি কমিটি গঠন এবং স্পেসিফিকেশন ও প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান আছে। মোটর সাইকেল ক্রয়ের জন্য e-GP তে টেন্ডার আহবান করা হয়েছে। সভাপতি প্রকল্পের বরাদ্দ সম্পর্কে জানতে চাইলে তিনি আরো জানান যে, প্রকল্পের অনুকূলে ২০১৮-২০১৯ অর্থ বছরে ৮২.৬৬ কোটি টাকার মধ্যে মোটর সাইকেল বাবদ ১০.০০ কোটি টাকাসহ মোট ৬২.৬৬ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে। অবশিষ্ট ১৮.০০ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে না। সভাপতি কর্ম পরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে সকল কাজ সম্পাদন করার জন্য প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন। | ক) কর্ম পরিকল্পনা অনুযায়ী সকল কাজ যথাযথভাবে সম্পাদন করতে হবে। | ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর<br><br>২) জনাব মোঃ মোহসীন, অতিরিক্ত সচিব (দুব্য-২) ও মেনটর।<br><br>৩) যুগ্ম সচিব (পরিঃ ও উন্নঃ)<br><br>৪) প্রকল্প পরিচালক |

| প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রকল্পের বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২)"আরবান রেজিলিয়্যান্স" প্রজেক্ট (ডিডিএম অংশ) (০১ জুলাই, ২০১৫ হতে ৩০ জুন, ২০২০) | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১২৫.৫০ কোটি টাকা। প্রকল্পটি বিশ্ব ব্যাংকের ঋণ সহায়তায় বাস্তবায়িত হচ্ছে। ২০১৮ -১৯ অর্থ বছরের এডিপিতে প্রকল্পটির অনুকূলে ৪৪.৭৪ কোটি টাকা (জিওবি ২.৫০ কোটি ও প্রকল্প সাহায্য ৪২.২৪ কোটি) বরাদ্দ আছে। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ২.৩৬ কোটি টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ৫.২৮%। | প্রকল্প পরিচালক জানান যে, ২০/০১/২০১৯ তারিখে টিইডি ফার্ম কর্তৃক অংশীজন এজেন্সি গুলির CAN (Capasity Need Assesment) করা হয়েছে। অতঃপর ড্রাফ্ট টিইডি কারিকুলাম প্রস্তুত করা হয়েছে। ৩০/০১/২০১৯ তারিখে ই-জিপি পদ্ধতিতে ERCC ও NDMRTI এর রিনোভেশন ওয়ার্কের জন্য দরপত্র আহবান করা হয়েছে। ERCC ও NDMRTI এর ৪ টি মাইক্রোবাসের জন্য আউটসোর্সিং ফার্মের মাধ্যমে ৪ জন ড্রাইভার নিয়োগ করা হয়েছে। তিনি আরও জানান চলতি অর্থ বছরে ৪৪.৭৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এ অর্থ ব্যয় করা সম্ভব হবে। এ প্রকল্পের মেনটর জানান যে, প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে যাচ্ছে। সভাপতি প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধির জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করেন। | ক) প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর<br>২) জনাব এম. খালিদ মাহমুদ, যুগ্ম সচিব (পরিঃ ও উন্নঃ) ও মেনটর<br>৩) প্রকল্প পরিচালক |
| ৩)"গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ" শীর্ষক প্রকল্প (০১/০৭/২০১৬ থেকে ৩০/০৬/২০১৯) | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১২৩৮.২৭ কোটি টাকা। প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি'তে ৪৬৩.৯০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ১৫৭.৮৯ কোটি টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ৩৪.০৪%। | প্রকল্প পরিচালক জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে ১০৭১.৫ কিঃ মিঃ রাস্তা ২০১৭ সালের দরে ৪৯২টি উপজেলায় এইচবিবি করণের নিমিত্ত দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র প্রকাশের তারিখ ১৩ জানুয়ারি ২০১৯ খ্রিঃ, দরপত্র আহবান করা হয়। গত ১৩-০২-২০১৯ খ্রিঃ তারিখ দরপত্র দাখিল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। ১১টি উপজেলায় ৪২.০০ কিলোমিটার রাস্তার দরপত্র পাওয়া যায় নি অন্য সকল উপজেলায় কার্যাদেশ প্রদান প্রক্রিয়া চলমান রয়েছে। প্রকল্পটি জুন, ২০১৯ এ সমাপ্ত হবে। সভাপতি প্রকল্পের সকল কার্যক্রম এপ্রিল, ২০১৯ এর মধ্যে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করেন। | ক) প্রকল্পের সকল কার্যক্রম এপ্রিল, ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | ১) মহাপরিচালক, দুব্যঅ<br>২) সংশ্লিষ্ট মেনটর<br>৩) প্রকল্প পরিচালক |
| ৪) "উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমূখী আশ্রয়কেন্দ্র নির্মাণ" (২য় পর্যায়) প্রকল্প (জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯)। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৩৩.১৬ কোটি টাকা। প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে ২১০.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ৯০.৭২ কোটি টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ৪৩.২০%। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় ২২০টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রের মধ্যে ২১৯টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণের কাজ শুরু হয়েছে। পাইলিং সম্পন্ন হয়েছে ২০৫টি, ১ম তলার ছাদ ঢালাই হয়েছে ২৩টি, ২য় তলার ছাদ ঢালাই হয়েছে ৩৩টি এবং ৩য় তলার ছাদ ঢালাই হয়েছে ৭৯টি। তিনি আরো জানান যে, চলতি অর্থ বছর এডিপিতে প্রকল্পের অনুকূলে ২১০.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত অর্থের সম্পূর্ন অর্থ ব্যয় করা সম্ভব হবে। সিনিয়র সচিব মহোদয় প্রকল্পটি শেষ হতে আরও কত টাকার প্রয়োজন হবে জানতে চাওয়ায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্প শেষ হতে আরো ২১৭.০০ কোটি | ক) ৫০০টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণের জন্য ডিপিপি প্রণয়ন করতে হবে।<br>(খ) প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | ১) জনাব মোঃ ফয়জুর রহমান, অতিরিক্ত সচিব (পরিঃ ও উন্নঃ) ও মেনটর<br>২)মহাপরিচালক, দুব্যঅ<br>৩) প্রকল্প পরিচালক |

| প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রকল্পের বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | টাকার প্রয়োজন হবে। সিনিয়র সচিব মহোদয় বলেন যে, দেশে আরো ৫০০০টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা প্রয়োজন। এ পর্যন্ত ৩৮৬৮ টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হয়েছে। সভাপতি নতুন আরো ৫০০টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণের লক্ষ্যে ডিপিপি প্রণয়নের জন্য মহাপরিচালক, দুব্যঅ এর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া সভাপতি প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধির জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করেন। | | |
| ৫) "স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট সংগ্রহ শীর্ষক" প্রকল্প (এপ্রিল, ২০১৩ হতে সেপ্টেম্বর, ২০১৮)। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৫০.৯৭ কোটি টাকা। ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে ৫২.৭৩ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ১১.০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ০.২০%। | প্রকল্প পরিচালক জানান যে, স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট ক্রয়ের লক্ষ্যে মার্চ, ২০১৯ এ দরপত্র আহবান করা হবে এবং ডিসেম্বর, ২০১৯ এ মালামাল জাপান থেকে শিপমেন্ট করা হবে। সিনিয়র সচিব মহোদয় জানান যে, প্রকল্পের মাধ্যমে ৩০টি ট্র্যাক মাউন্টেড স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট ক্রয় করা হয়েছে। এগুলো স্বাভাবিক সময়ে দেশের দক্ষিণাঞ্চলসহ লবণাক্ত এলাকায় পানি পরিশোধন করে এবং দুর্যোগের সময় প্রয়োজন অনুযায়ী সারাদেশে ব্যবহৃত হয়। নতুন করে আরো ২১টি স্থায়ী স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট করা হচ্ছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কাজ চলমান রয়েছে। | ক) কাজের অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | ১) প্রধান প্রকৌশলী, ডিপিএইচই<br>২) যুগ্ম সচিব (পরিঃ ও উন্নঃ)<br>৩)প্রকল্প পরিচালক |
| ৬) "জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ" প্রকল্প (মেয়াদঃজানুয়ারী-২০১৮ হতে ডিসেম্বর-২০২০ )। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১২৭.৪১ কোটি টাকা। প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি'তে ৫০.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ১.৭৩ কোটি টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৩.৪৬%। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের সকল কাজ কর্ম পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। তিনি জানান যে, মৃত্তিকা পরীক্ষা ও ডিজাইনের কাজ সম্পন্ন করা হয়েছে। এডিপিতে প্রাপ্ত বরাদ্দ ব্যয় করা সম্ভব হবে। ড্রইং, ডিজাইন ও প্রাক্কলনের প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ক) দ্রুত ড্রইং, ডিজাইন ও প্রাক্কলন অনুমোদনের পদক্ষেপ নিতে হবে। | ১) মহাপরিচালক, ডিডিএম<br>২) জনাব ড. মোঃ নজরুল আনোয়ার, অতিরিক্ত সচিব (ত্রাণ প্রশাসন ও আইন) ও মেনটর<br>৩) প্রকল্প পরিচালক |
| ৭) "বন্যা প্রবণ ও নদী ভাংগন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ" (৩য় পর্যায়) শীর্ষক (মেয়াদঃ জানুয়ারি, ২০১৮ হতে জুন, ২০২২)। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৫০৭.৪৩ কোটি টাকা। প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি'তে ১০০.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ৩.৩৭ কোটি টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ৩.৩৭%। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের লক্ষ্যে মৃত্তিকা পরীক্ষা করা হয়েছে। ৪০২টির ডিজাইন প্রণয়নের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে ৫০টি আশ্রয়কেন্দ্রের দরপত্র আহবানের প্রক্রিয়াকরণ করা হচ্ছে। এডিপিতে প্রকল্পের অনুকূলে ১০০.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। আরএডিপিতে বরাদ্দ কমিয়ে ১৫.০০ কোটি টাকা রাখা হয়েছে। দর প্রাক্কলন নির্ণয়ের কাজ চলমান আছে। সভাপতি দ্রুত দরপত্র প্রক্রিয়াকরণ সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করেন। | ক) দ্রুত দরপত্র আহবানের কাজ শেষ করতে হবে। | ১) জনাব আবু সৈয়দ মোহাম্মদ হাসিম, মহাপরিচালক, ডিডিএম ও মেনটর<br>২)যুগ্ম সচিব (পরিঃ ও উন্নঃ)<br>৩) প্রকল্প পরিচালক |

| প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রকল্পের বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৮) "Disaster Risk Management and Enhancement Project (Component 2 & Component 3) শীর্ষক" প্রকল্প (মেয়াদঃ এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর, ২০২১)। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬২০.২২ কোটি টাকা। প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি'তে ২৫০.০০ কোটি (জিওবি ৫.০০ কোটি, প্রকল্প সাহায্য ২৪৫.০০ কোটি) টাকা বরাদ্দ পাওয়া গেছে। জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ০.০৪৩ কোটি ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ০.০১%। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় জনবল নিয়োগের জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়েছে। উপ-প্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালক পদায়নের জন্যও একটি পত্র দেওয়া হয়েছে। সিনিয়র সচিব মহোদয় জানান প্রকল্পটির এডিপিতে ২৫০ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তার মধ্যে প্রকল্প সাহায্য ২০০.০০ কোটি টাকা এবং জিওবি ৫০.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক বলেন যে, আরএডিপিতে প্রকল্পের অনুকূলে ১২.৭৩ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। সভাপতি আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যয় নিশ্চিত করতে পরামর্শ প্রদান করেন। | ক) আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ব্যয় নিশ্চিত করতে হবে।<br><br>(খ) দ্রুত জনবল নিয়োগের প্রক্রিয়া শেষ করতে হবে। | ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর<br>২) ড. মোঃ আতিকুর রহমান, অতিঃ সচিব (সিপি) ও মেনটর<br>৩) প্রকল্প পরিচালক |
| ৯) "National Resilience Programme"-শীর্ষক প্রকল্প (মেয়াদঃজানুয়ারী, ২০১৮ হতে মার্চ, ২০২১) (কারিগরী সহায়তা প্রকল্প)। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩০.১৮ কোটি টাকা। ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপিতে কোন বরাদ্দ পাওয়া যায় নি। | প্রকল্পের আওতায় ব্যাংক একাউন্ট করা হয়েছে। এখন পর্যন্ত কোন অর্থ বরাদ্দ পাওয়া যায় নি। প্রকল্পের মাধ্যমে SOD এর উপর একটি ওয়ার্কশপ করে তা সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভাপতি প্রকল্পের সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন। | ক) প্রকল্পের সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | ১) জনাব মোঃ মোহসীন, অতিরিক্ত সচিব (দুব্য-২) ও National Project Coordinator<br>২) প্রকল্প পরিচালক |
| ১০) "Emergency Multi-sector Rohingya Crisis Response" Project (মেয়াদঃ সেপ্টেম্বর, ২০১৮ হতে আগষ্ট, ২০২১)। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৩৭.৮৯ কোটি। প্রকল্পের আওতায় ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপিতে কোন বরাদ্দ পাওয়া যায় নি। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ৯ই নভেম্বর একনেকে অনুমোদিত হয়েছে। এখনও ঋন চুক্তি সম্পাদিত হয় নি। প্রকল্পের কাজ মার্চ, ২০১৯ এর শেষে শুরু হবে। প্রকল্প পরিচালক ও উপ প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। সভাপতি প্রকল্পের কাজ দ্রুত শুরুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। | ক) প্রকল্পের কাজ দ্রুত শুরু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১)জনাব মোঃ আকরাম হোসেন, অতিঃ সচিব (দুব্যক) ও মেনটর<br>২)ড জনাব মোঃ রেজওয়ান হায়াত, যুগ্মসচিব (শরনার্থী সেল) ও প্রকল্প পরিচালক |
| ১১) "গ্রামীণ রাস্তায় কম- বেশী ১৫ মি: দৈর্ঘ্যের সেতু/ কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্প (মেয়াদঃ জানুয়ারি, ২০১৬ থেকে জুন, ২০১৯)। | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩৬৮৪.৩৬ কোটি টাকা। প্রকল্পটির অনুকূলে ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে ৬২৩.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং জানুয়ারি, ২০১৯ পর্যন্ত ১৮৮.২৩ কোটি টাকা ব্যয় হয়েছে যা মোট বরাদ্দের ৩০.২১%। | প্রকল্পের পরিচালক জানান যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে ২৩৩৩টি ব্রীজ/কালভার্টের কার্যাদেশ প্রদান করা হয়েছে। সম্প্রতি ৬৩০টি ব্রীজ/কালভার্টের জন্য দরপত্র আহবান করা হয়েছে, যেগুলোর কার্যাদেশ দেয়ার প্রক্রিয়া চলছে। এডিপিতে ৬২৩.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। সিনিয়র সচিব মহোদয় জানান, প্রকল্পটি চলতি অর্থ বছরে সমাপ্ত হবে। তিনি প্রকল্পের আওতায় সকল ব্রীজ/কালভার্ট এপ্রিল/২০১৯ এর মধ্যে নির্মাণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি প্রকল্পের অসমাপ্ত সকল কাজ শেষ করে জুন/২০১৯ এ প্রকল্প সমাপ্ত করার পরামর্শ প্রদান করেন। | ক) প্রকল্পের সকল কাজ এপ্রিল, ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | ১) মোঃ ফয়জুর রহমান, অতিরিক্ত সচিব, (পরিঃ ও উন্নঃ) ও মেনটর<br>২) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপপনা অধিদপ্তর<br>৩) প্রকল্প পরিচালক |

| প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রকল্পের বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১২) নতুন প্রকল্পসমূহ | প্রকল্পসমূহের অনুকূলে ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপিতে কোন বরাদ্দ ছিল না। | (ক) "গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" ও (খ) "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড(এইচবিবি) করণ(২য় পর্যায়)"- শীর্ষক প্রকল্পে যথাক্রমে জনাব আলতাফ হোসেন ও জিয়াউর রহমান কে উপ-প্রকল্প পরিচালক নিয়োগ না দেয়া পর্যন্ত সাময়িকভাবে তাদের দায়িত্বের অতিরিক্ত হিসেবে দায়িত্ব দেয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। (গ) "মুজিব কিল্লা নির্মাণ সংস্কার ও উন্নয়ন প্রকল্প"-শীর্ষক প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য সভাপতি মহোদয় মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন এবং ২/১ জন কর্মকর্তাকে প্রকল্পে সংযুক্তি দেয়ার প্রস্তাব দিতে বলেন। | ক) বর্ণিত প্রকল্প ৩টিতে কাজ চালিয়ে নেয়ার স্বার্থে প্রয়োজনীয় জনবল পদায়ন করতে হবে। | ১) মহাপরিচালক, দুব্যক<br>২) প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট সকল) |
| ১৩) নবযাত্রা প্রকল্প | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০৪.২৮ কোটি টাকা । মেয়াদ ২০১৫ হতে ২০২০ পর্যন্ত। | কর্মসূচিটির সময় বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। সভাপতি কর্মসূচিটির বর্ধিত সময়ে কি কার্যক্রম গ্রহণ করা হবে তার বিস্তারিত ব্যয় বিভাজনসহ তথ্য সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন। | ক) কর্মসূচিটির বর্ধিত সময়ে কি কার্যক্রম গ্রহণ করা হবে তার বিস্তারিত ব্যয় বিভাজনসহ তথ্য সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | কান্ট্রি ডাইরেক্টর, নবযাত্রা প্রকল্প। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত (১৩-০৩-২০১৯)
(ডাঃ মোঃ এনামুর রহমান, এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী